# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 26-01-2026** **Time: 1.40 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও ৭৭-তম সাধারণতন্ত্র দিবস উদযাপিত হচ্ছে।

নতুন দিল্লির কর্তব্য পথে কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

রাজস্তরে মূল অনুষ্ঠানটি হয় কলকাতার রেড রোডে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উপস্থিতিতে জাতীয় পতাকা উন্মোচন করেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস।

২) পশ্চিমবঙ্গের অগ্রগতির জন্য সকলকে এক জোট হওয়ার আহ্বান জানিয়েছেন, রাজ্যপাল। ৭৭-তম সাধারণতন্ত্র দিবসে রাজ্যবাসীর উদ্দেশ্যে আজ ভাষণ দেন তিনি।

৩) কলকাতার উপকণ্ঠে, নরেন্দ্রপুরে শুকনো খাবারের গুদামে অগ্নিকান্ডে ৮ জন এখনও নিখোঁজ।

৪) আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকলেও তাপমাত্রা ওঠানামা করবে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooooooooooo

চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় দেশজুড়ে আজ ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপিত হছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুরমু নতুনদিল্লীর কর্তব্য পথে মূল অনুষ্ঠানের নেতৃত্ব দেন।

কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন তিনি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় যুদ্ধ স্মারকে সকালে শ্রদ্ধা নিবেদন করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আন্টোনিও কোস্তা এবং ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরশুলা ফন ডেয়ার লায়ান । রাষ্ট্রপতি জাতীয় পতাকা উন্মোচনের পর ২১ বার তোপ ধ্বনির পর জাতীয় সংগীত পরিবেশিত হয়।

এবারের কর্তব্য পথের কুচকাওয়াজের মূল ভাবনা ছিল, "স্বতন্ত্র কা মন্ত্র – বন্দে মাতরম" এবং "সমৃদ্ধিকা মন্ত্রঃ আত্মনির্ভর ভারত"। কুচকাওয়াজে ৩০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ট্যাবলো প্রদর্শিত হয়।

ooooooooooooooooooooooo

কলকাতার রেড রোডে সাধারণতন্ত্র দিবসের বর্ণময় কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্য বিধানসভার অধ্যক্ষ ও বিমান বন্দ্যোপাধ্যায় সহ বহু বিশিষ্ট ব্যক্তি ও সেনা কর্তাদের উপস্থিতিতে রাজ্যপাল জাতীয় পতাকা উন্মোচন করেন। সেনা ব্যান্ডের তালে জাতীয় সঙ্গীত পরিবেশনের পর ভারতীয় বায়ুসেনার হেলিকপ্টার থেকে ফুলের পাপড়ি বর্ষণ করা হয়। এরপর শুরু হয় কুচকাওয়াজ। ভারতীয় সেনাবাহিনীর বিভিন্ন কন্টিনজেন্ট, নৌবাহিনী ও বায়ুসেনা ছাড়াও কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ পুলিশের একাধিক দলও কুচকাওয়াজে অংশ নেয়।

( রেড রোড – আওয়াজ)

পাশাপাশি ছিল আধুনিক সামরিক সরঞ্জামের প্রদর্শন। প্যারেডে স্কুল পড়ুয়াদের অংশগ্রহণও নজর কেড়েছে। কলকাতার সাখাওয়াত মেমোরিয়াল গভর্নমেন্ট গার্লস হাই স্কুল, মিত্র ইনস্টিটিউশন, লরেটো স্কুল, আদর্শ হিন্দি হাই স্কুল, বরিশা উচ্চ বালিকা

বিদ্যালয় এবং পুরুলিয়ার সৈনিক স্কুলের ছাত্রছাত্রীরা শৃঙ্খলাবদ্ধ কুচকাওয়াজে অংশ নেয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সাধারণতন্ত্র দিবস উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়ে ন্যায় বিচার, সাম্য, সামাজিক ঐক্য, সহ মর্মিতার সাংবিধানিক মূল্যবোধের প্রতি অবিচল থাকার জন্য সকলকে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার আহ্বান জানান।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিও সকলকে সাধারণতন্ত্র দিবসের শুভেচ্ছা জানিয়েছেন।

এই উপলক্ষে আজ সকালে কলকাতা পুরভবনে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম।

নবান্ন, বিধানসভা, রাইটার্স, জিপিও, পূর্ব-দক্ষিণ পূর্ব রেল সহ বিভিন্ন সরকারী দফতরেও জাতীয় পতাকা উন্মোচন এবং  সংবিধান প্রণেতাদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। স্কুল, বিভিন্ন ক্লাব এবং সংগঠনের তরফেও  দিনটি যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে।

বিজেপির সদর কার্যালয় এক অনুষ্ঠানে জাতীয় পতাকা উন্মোচন করেন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তিনি অভিযোগ করেন, রাজ্যে গণতন্ত্রের চারটি স্তম্ভ সুরক্ষিত নয়। শাসক দল তৃণমূল কংগ্রেস, সংবিধানের বিরুদ্ধেই যুদ্ধ ঘোষণা করেছে। উপস্থিত ছিলেন দলের প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা সহ বিজেপির রাজ্য নেতৃত্ব।

প্রদেশ কংগ্রেসের তরফ থেকে সাধারণতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানানো হয়েছে।

আকাশবাণী কলকাতা কেন্দ্রেও দিনটি যথোচিত মর্যাদায় উদযাপিত হয়। জাতীয় পতাকা উন্মোচন করেন প্রোগ্রাম বিভাগের অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর সুপ্রভ বন্দ্যোপাধ্যায়।

জেলাগুলিতেও চিরাচরিত উৎসাহ-উদ্দীপনায় দিনটি পালিত হচ্ছে।

নদীয়ার কৃষ্ণনগরে জেলা স্টেডিয়ামে জাতীয় পতাকা উন্মোচন করেন জেলাশাসক অনিশ দাশগুপ্ত।

বর্ধমানে মূল অনুষ্ঠানটি হয় পুলিশ লাইন ময়দানে। রাজ্য সরকারের বিভিন্ন দফতর ও প্রকল্পের ট্যাবলো মাঠ প্রদক্ষিণ করে।

জলপাইগুড়ি জেলা প্রশাসনের উদ্যোগে, শহরের টাউন ক্লাব ময়দানে অনুষ্ঠানের সূচনা করেন জেলাশাসক শামা পারভিন। কুচকাওয়াজে অংশ নেন, পুলিশ ব্যান্ড, বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী, এন সি সি ক্যাডেট ও সিভিল ডিফেন্সের সদস্যরা।

মালদায় জেলা প্রশাসনের পক্ষ থেকে শহরের ডি এস এ ময়দানে প্যারেডে অভিবাদন গ্রহণ করেন জেলাশাসক ও জেলা পুলিশ সুপার অভিজিৎ ব্যানার্জী।

মূর্শিদাবাদের ফারাক্কা ব্যারেজ প্রকল্পেও সি আই এস এফ-এর জওয়ানরা কুচকাওয়াজে অংশ নেন। উপস্থিত ছিল বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা।

হাওড়াতে মূল অনুষ্ঠানটি হয়, শিবপুর পুলিশ লাইনে। পতাকা উত্তোলন করেন জেলাশাসক পি দীপাপ প্রিয়া। পুলিশ সিভিল ডিফেন্সের সদস্যরা কুচকাওয়াজে অংশ নেন।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ট্রাইবাল স্টাডিজ অ্যান্ড মিউজিয়াম-এর উদ্যোগে আদিবাসী আন্দোলনের বীর শহীদ, সিধো-কানহো এবং ধরতি আবা বীরসামুন্ডা মূর্তির আবরণ উন্মোচন করেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের অগ্রগতির জন্য সকলকে এক জোট হওয়ার আহ্বান জানিয়েছেন, রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। ৭৭-তম সাধারণতন্ত্র দিবসে রাজ্যবাসীর উদ্দেশ্যে তাঁর ভাষণে রাজ্যপাল বলেন, বর্তমানে দেশ বিকশিত ভারত হয়ে ওঠার পথে দ্রুত গতিতে এগিয়ে চলেছে। সেই বিকশিত ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ হল বিকশিত বাংলা।

( বাইট – রাজ্যপাল)

ডক্টর বোস বলেন, ভারতের ইতিহাসে পশ্চিমবঙ্গের একটি বিশেষ স্থান রয়েছে। মহান সমাজ সংস্কারক, বিপ্লবী ও স্বাধীনতা সংগ্রামীদের পবিত্র ভূমি হল এই বাংলা। সংবিধানের আদর্শের কথা উল্লেখ করে রাজ্যপাল বলেন, এখানে বর্ণিত সাম্য, ন্যায়বিচার, ভাতৃত্ববোধের ধারণা আজও সমাজে সমান প্রাসঙ্গিক।

( বাইট – রাজ্যপাল/সংবিধান)

সাধারণতন্ত্র দিবসে আজ দেশের সশস্ত্র বাহিনী থেকে শুরু করে, নিরাপত্তা কর্মী, স্বাস্থ্য, পরিষেবার সঙ্গে যুক্ত কর্মী, শিক্ষক, শ্রমিক প্রত্যেকের কথা উল্লেখ করে রাজ্যপাল বলেন, দেশ গঠনে তাদের ভূমিকা প্রশংসনীয়।

oooooooooooooooooooooooo

কলকাতার উপকণ্ঠে নরেন্দ্রপুর থানার নাজিরাবাদ এলাকায় শুকনো খাবারের গুদামে অগ্নিকান্ডে ৬ জন এখনও নিখোঁজ। আগুন এখনও পুরোপুরি নেভেনি। বেশ কয়েকজনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। জানা গিয়েছে, গতকাল মধ্যরাতে ওই গুদাম থেকে ধোঁয়া বের হতে দেখেন স্থানীয়রা। দ্রুত তা ছড়িয়ে পড়ে। পরপর বেশ কয়েকটি গোডাউনে আগুন ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ১০টিরও বেশি ইঞ্জিন। ঘটনার সময় গোডাউনের ভিতরে বেশ কয়েকজন শ্রমিক উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooo

বসিরহাট উত্তর বিধানসভা কেন্দ্রে SIR এর শুনানি প্রক্রিয়ায় গুরুতর অনিয়মের অভিযোগে নির্বাচন কমিশন বসিরহাট–২ নম্বর ব্লকের বিডিও তথা AERO সুমিত্র প্রতিম প্রধানকে অবিলম্বে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছে। পাশাপাশি তাঁকে সমস্ত নির্বাচন-সংক্রান্ত কাজ থেকেও সরিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের তরফে রাজ্যের মুখ্যসচিবকে পাঠানো চিঠিতে জানানো হয়েছে, বসিরহাট উত্তর বিধানসভা কেন্দ্রে সংশ্লিষ্ট আধিকারিক নিজে ১১ জন অতিরিক্ত AERO নিয়োগ করেন এবং 'সুয়ো মোটো' নির্দেশ জারি করে শুনানি পর্ব পরিচালনা করেন। যদিও তাঁর এমন কোনও আইনি ক্ষমতা ছিল না। নির্বাচন কমিশনের মতে, এটি জনপ্রতিনিধিত্ব আইন এর স্পষ্ট লঙ্ঘন এবং গুরুতর প্রশাসনিক অসদাচরণের শামিল। কমিশনের নির্দেশে সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে শৃঙ্খলামূলক তদন্ত শুরু করার কথাও জানানো হয়েছে। তদন্তের অগ্রগতি বিষয়ে ৪৮ ঘণ্টার মধ্যে কমিশনকে জানাতে বলা হয়েছে।

oooooooooooooooooooo

কলকাতা পুরসভা এলাকার বস্তি গুলিতে ঝুলে থাকা বিদ্যুতের , কেবল তার নিরাপদ রাখতে বিশেষ উদ্যোগ দিয়েছে কলকাতা পুরসভা। এরই অঙ্গ হিসেবে পুরসভার উদ্যোগে বস্তি এলাকায় ঝুলে থাকা বিদ্যুৎ ,কেবলের তার জি আই ট্রের মধ্য দিয়ে নিয়ে যাওয়ার কাজ শুরু করা হয়েছে শহরের বস্তিগুলোতে। টালিগঞ্জ এলাকার দুই বস্তি, ৯৪ ওয়ার্ড এলাকার দুই বস্তি, মনোহর পুকুর রোড এলাকার বস্তিতে ইতিমধ্যেই এই কাজ সম্পন্ন হয়েছে। উত্তর কলকাতার মুচি বাজার এলাকার বস্তি, বাইপাসের ধারে হাট গাছিয়া ঝড়ো বস্তিতে জি আই ট্রে বসানোর কাজ শুরু হয়েছে। পর্যায়ক্রমে শহরের অন্যান্য বস্তি এলাকা গুলিতেও এই ক্যাবল ট্রে বসানোর পরিকল্পনা রয়েছে বলে পুরসভা সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooo

নদিয়ার কৃষ্ণনগরে সরস্বতী পুজোর বিসর্জনের শোভাযাত্রায় অশান্তির খবর পাওয়া গেছে। গতকালের বিসর্জনে শতাধিক ক্লাব তাদের প্রতিমা নিয়ে শোভাযাত্রায় অংশগ্রহণ করে। প্রথমের দিকে ঠিকঠাক চললেও গভীর রাতে দুই ক্লাবের মধ্যে শুরু হয় অশান্তি। কোতোয়ালী থানার সামনেই ষষ্ঠীতলা বারোয়ারি ও গেট রোড বারোয়ারির সদস্যদের মধ্যে চলে ইট বৃষ্টি । রাস্তায় প্রতিমা রেখেই পালিয়ে যান ক্লাবের সদস্যরা। আতঙ্কিত হয়ে পড়েন রাস্তার দুপাশে থাকা দর্শনার্থীরাও। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশকে মৃদু লাঠিচার্জ করতে হয়। অশান্তি পাকানোর অভিযোগে ২ জনকে আটক করা হয়েছে।

ooooooooooooooooooo

নদীয়ার গাংনাপুর থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে এক বাংলাদেশি সহ দুই ভারতীয় নাগরিককে গ্রেফতার করেছে। ধৃত বাংলাদেশি নাগরিক প্রসেনজিৎ মণ্ডল বাংলাদেশের খুলনা বিভাগের বাগেরহাট জেলার চিতলমারী থানার কৌরমনী গ্রামের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে, প্রায় দুই বছর আগে সে

অবৈধভাবে ভারতীয় ভূখণ্ডে প্রবেশ করে। পুলিশি জেরায় ধৃত ব্যক্তি জানায়, তাকে সাহায্য করছিল দুই ভারতীয় দালাল। এরা হলেন উত্তর ২৪ পরগনার দত্তপুকুর থানার সন্দীপ মণ্ডল (২৯), এবং গাংনাপুর থানার অনুপ কুমার মল্লিক (৪৩) । আজ ধৃতদের আদালতে তোলা হবে।

oooooooooooooooooooo

পশ্চিমী ঝঞ্ঝার কারণে রাজ্যজুড়ে তাপমাত্রা হেরফের হচ্ছে। আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকলেও তাপমাত্রা ওঠানামা করবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য পশ্চিমের জেলাগুলিতে আগামী চার দিন তাপমাত্রা ১৩ থেকে ১৫ ডিগ্রির মধ্যে থাকবে। উত্তরবঙ্গেও তাপমাত্রা বিশেষ পরিবর্তন হবে না তবে সকালের দিকে কিছু কিছু জায়গায় কুয়াশা দেখা যাবে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৬’ ডিগ্রী সেলসিয়াস-স্বাভাবিকের চেয়ে প্রায় এক ডিগ্রি বেশি।

ooooooooooooooooooo

ooooooooooooooooooo